# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

ওয়েবঃ www.sau.ac.bd

স্মারক নংঃ রেজি./সংস্থাপন-২/নিয়োগ-১১৫(৩)/১৫৫/২০২১/২৮০০ তারিখ: ১১ ডিসেম্বর ২০২৫ খ্রি.

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নিম্নলিখিত পদের বিপরীতে উল্লিখিত বেতনস্কেলে শূন্যপদ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম<br>বেতন স্কেল ও পদসংখ্যা | বিভাগের নাম | যে সকল প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|
| ১. | পদ: প্রফেসর*<br>বেতন: ৫৬,৫০০-৭৪,৪০০<br>পদের সংখ্যা: ০১টি | মলিকুলার বায়োলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং | বায়োকেমিস্ট্রি অ্যান্ড কেমিস্ট্রি/বায়ো মলিকুলার ইঞ্জিনিয়ারিং/বায়োলজিক্যাল অ্যান্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/বায়ো এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/বায়ো প্রোডাক্ট ইঞ্জিনিয়ারিং/বায়োকেমিস্ট্রি এন্ড স্ট্রাকচারাল বায়োলজি। |
| ২. | পদ: সহযোগী প্রফেসর**<br>বেতন: ৫০,০০০-৭১,২০০/-<br>পদের সংখ্যা: ০১টি | বায়োকেমিস্ট্রি অ্যান্ড কেমিস্ট্রি | বায়োকেমিস্ট্রি অ্যান্ড কেমিস্ট্রি/বায়োমলিকুলার ইঞ্জিনিয়ারিং/বায়োলজিক্যাল এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/বায়ো এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/বায়োলজি প্রোডাক্ট ইঞ্জিনিয়ারিং/বায়োকেমিস্ট্রি এন্ড স্ট্রাকচারাল বায়োলজি। |
| ৩. | পদ: সহযোগী প্রফেসর**<br>বেতন: ৫০,০০০-৭১,২০০/-<br>পদের সংখ্যা: ০১টি | ডেয়রি বিজ্ঞান | ডেয়রি বিজ্ঞান/ডেয়রি মাইক্রোবায়োলজি/ফুড অ্যান্ড ডেয়রি টেকনোলজি |
| ৪. | পদ: প্রভাষক<br>বেতন: ২২,০০০-৫৩,০৬০/-<br>পদের সংখ্যা: ১টি | কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং | কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং |

* প্রফেসর পদে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সহযোগী প্রফেসর পদে নিয়োগ দেয়া যেতে পারে।

** সহযোগী প্রফেসর পদে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সহকারী প্রফেসর পদে নিয়োগ দেয়া যেতে পারে।

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র আগামী ৩১-১২-২০২৫ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে। আগ্রহী প্রার্থীদের **নির্ধারিত ফরম, নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী** বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ অথবা http://www.sau.ac.bd হতে ডাউনলোড করা যাবে।

11/12/2025

(প্রফেসর ড. মোঃ আসাদ-উদ-দৌলা)
রেজিস্ট্রার (অ.দা.)
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

## প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:

১. আগ্রহী প্রার্থীদের নির্ধারিত নমুনা ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। নমুনা ফরম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা http://www.sau.ac.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

২. প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ১০(দশ) প্রস্থ দরখাস্ত রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে প্রেরণ/দাখিল করতে হবে।

৩. প্রার্থীদের নিম্নোক্ত ছক ($A^4$ size landscape) পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে:

| প্রার্থীর নাম ও ঠিকানা মোবাইল নম্বরসহ (স্থায়ী ও বর্তমান) (বাংলা ও ইংরেজী) | বয়স | | শিক্ষাগত যোগ্যতা | | | | | প্রকাশনা সংখ্যা সর্বমোট | | প্রশিক্ষণ (শিরোনাম ও সময়) | অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জন্ম তারিখ | বয়স (৩১.১২.২০২৫) তারিখে | পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | বিভাগ/শ্রেণি /জিপিএ | প্রাপ্ত নম্বর/ গ্রেড% | দেশি | বিদেশি | | | |
| | | | | | | | | | | | | |

৪. প্রার্থীকে আবেদনপত্রের সাথে ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র, খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি প্রতি সেটের সাথে সংযুক্ত করতে হবে।

৫. চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬. অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

৭. প্রার্থীত পদের নাম খামের উপর উল্লেখ করতে হবে।

৮. সরকারি নিয়ম অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৯. রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) রূপালী ব্যাংক পিএলসি, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

১০. সকল পদের ক্ষেত্রে আবেদনের নিমিত্ত নির্ধারিত ফরম সরাসরি সংগ্রহের জন্য ১০০/- (একশত) টাকা (রূপালী ব্যাংক পিএলসি, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০) এর সঞ্চয়ী হিসাব নম্বর-২০৪ এ জমা প্রদানের রশিদ রেজিস্ট্রার অফিসে দাখিল করতে হবে। ডাকযোগে আবেদনপত্র সংগ্রহ করতে হলে রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে রূপালী ব্যাংক পিএলসি, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ এর সঞ্চয়ী হিসাব নম্বর-২০৪ এর অনুকূলে সকল পদসমূহের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ ১৫/- (পনের) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেট ও নিজস্ব ঠিকানা সম্বলিত ফেরত খাম পাঠাতে হবে এবং ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ফরমের ক্ষেত্রে আলাদাভাবে ১০০/- (একশত) টাকা অতিরিক্ত ব্যাংক ড্রাফট/পে অর্ডার পাঠাতে হবে।

১১. আবেদনপত্র আগামী ৩১-১২-২০২৫ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।

১২. ভূয়া তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৪. নিয়োগের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।

১৫. দরখাস্ত দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।

১৬. সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. প্রচলিত গ্রেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণির সমতাকরণ সংক্রান্ত বিষয়ে শিক্ষামন্ত্রণালয় কর্তৃক গত ২ জুন, ২০০৯ খ্রি. তারিখের নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২; স্মারকমূলে জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

১৮. অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে কর্তৃপক্ষ অভিজ্ঞতা (Length of Service) ও বয়সসীমা শিথিল করার ক্ষমতা সংরক্ষণ করে। পোস্টডক্ এবং বিদেশি সংস্থায় গবেষণা/শিক্ষকতার অভিজ্ঞতাকে চাকরিকাল হিসেবে গণ্য করা যেতে পারে।

১৯. শিক্ষাক্ষেত্রের সকল স্তরে ১ম শ্রেণি/সিজিপিএ ৩.৫০/সমমান থাকতে হবে।

২০. নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২১. সিকৃবির শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক আবেদন করতে হবে। **তবে প্রভাষক নিয়োগের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর।**

২২. **ইতোপূর্বে যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে প্রকাশ থাকে যে, আবেদন করার প্রয়োজন না থাকলেও নিয়োগের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।**

২৩. নিম্নে উল্লেখিত অতিরিক্ত যোগ্যতা থাকলে যোগ্য প্রার্থীকে অগ্রাধীকার দেওয়ার বিষয়টি বিবেচনায় নেওয়া যেতে পারে।

11/12/2025

(প্রফেসর ড. মোঃ আসাদ-উদ-দৌলা)
রেজিস্ট্রার (অ.দা.)
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।